



## হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্থগিতের ঘোষণা ইরানের



সংগৃহীত ছবি

ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে যুক্তরাষ্ট্রের নতুন হামলার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বেড়েছে। এর প্রতিক্রিয়ায় কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল সাময়িকভাবে বন্ধ রাখার ঘোষণা দিয়েছে তেহরান।

ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, যুক্তরাষ্ট্র একাধিকবার যুদ্ধবিরতির শর্ত লঙ্ঘন করেছে। এ কারণে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রণালিতে নৌযান চলাচলের ওপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে।

আইআরজিসির দাবি, এই সিদ্ধান্তের ফলে তেলবাহী জাহাজসহ বিভিন্ন বাণিজ্যিক নৌযানের চলাচল ব্যাহত হবে। পাশাপাশি যুক্তরাষ্ট্রের দেওয়া নিরাপত্তা সংক্রান্ত দাবিও প্রত্যাখ্যান করেছে সংস্থাটি।

এদিকে প্রণালি অতিক্রমের চেষ্টা করা দুটি তেলবাহী ট্যাংকারে হামলার দাবিও করেছে আইআরজিসি। তবে এ বিষয়ে স্বাধীন কোনো সূত্র থেকে তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি।

অন্যদিকে যুক্তরাষ্ট্র বলছে, ইরানের সাম্প্রতিক কর্মকাণ্ডের জবাব হিসেবেই সর্বশেষ সামরিক অভিযান পরিচালনা করা হয়েছে। একই সময়ে ইরানের দক্ষিণাঞ্চলের কয়েকটি এলাকায় বিস্ফোরণের খবর পাওয়া গেছে, যেখানে আহত হয়েছেন অন্তত দুজন।